শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা
www.lgd.gov.bd

স্থানীয় সরকার বিভাগের মহাপরিচালক (মইই) মহোদয়ের সভাপতিত্বে ১৪-০৩-২০১৭ তারিখে খুলনা ও বরিশাল বিভাগের পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকারগণের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভার তারিখ ঃ ১৪ মার্চ, ২০১৭খ্রিঃ।
সভার স্থান ঃ মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ।
সভার সময় ঃ দুপুর ১২.০০ ঘটিকা।

সভায় উপস্থিতির তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বিভাগ ও জেলা থেকে আগত পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। সভাপতি জানান স্থানীয় সরকার প্রতিষ্ঠানের তদারকি ও ব্যবস্থাপনায় পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। তৃণমূল পর্যায়ে গণতন্ত্রের চর্চা ও উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ৫টি স্তরের কার্যক্রম মূল্যায়নে এই বিভাগ তথা এই উইং দায়িত্ব পালন করে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে শক্তিশালী করতে হলে সংশ্লিষ্ট আইন ও বিধি সম্পর্কে ভালোভাবে জানতে হবে। গতানুগতিক পরিদর্শন প্রতিবেদনে পরিবর্তন আনতে এবং এগুলোকে আরও তথ্যবহুল, বাস্তব ভিত্তিক ও সুনির্দিষ্টভাবে উপস্থাপন করতে হবে। তিনি আরও বলেন, সরকারের উন্নয়ন বাজেটের বিশাল অংশ স্থানীয় সরকার বিভাগ ব্যয় করে কিন্তু তার কোন প্রচার নাই। এক্ষেত্রে যখন পরিদর্শনে যাবেন সেখানকার মিডিয়াকে জানাতে হবে। প্রকল্পের তথ্যাদি সাইনবোর্ডে দেয়ার ব্যাপারটি খেয়াল রাখতে হবে যাতে জনগণ তথ্য জানা থেকে বঞ্চিত না হয়। মানসম্পন্ন কাজ নিশ্চিত করতে হবে। ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও উপজেলা পরিষদের মেম্বার/কাউন্সিলরদের যথাযথভাবে স্থানীয় উন্নয়ন কার্যক্রমে সম্পৃক্ত করা হচ্ছে কিনা তা দেখতে হবে এবং মহিলা সদস্যদের যথাযথ গুরুত্ব দিতে হবে। মাঠ পর্যায়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের মাধ্যমে এলজিইডিকে দিয়ে নতুন কি কাজ করানো যায় সে বিষয়টি দেখতে নির্দেশনা প্রদান করেন।

২। সভাপতি উপস্থিত সকলকে একে একে আলোচনায় অংশ গ্রহণের আহবান জানালে পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারগণ তাদের বক্তব্য উপস্থাপন করেন।

উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা সভায় জানান যে, গ্রাম পর্যায়ে বিশুদ্ধ পানি সরবরাহ করার জন্য এলজিইডির মাধ্যমে ব্যবস্থা নেয়া যায়। উপপরিচালক, স্থানীয় সরকারের ব্যবহৃত গাড়ীটি অনেক পুরাতন বিধায় নতুন একটি গাড়ীর প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন।

এডিসি, নড়াইল সভায় জানান যে, তিনি একটি প্রকল্প নিয়েছেন, যাতে গ্রাম পর্যায়ে অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে যত প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং ভবিষ্যতে গ্রহণ করা হবে তার একটি তালিকা ওয়েব সাইটে দেয়া হবে। যার ফলে ভবিষ্যতে কোন নতুন প্রকল্প নেয়া হলে ওভার ল্যাপিং বন্ধ হবে।

উপপরিচালক, স্থানীয় সরকার, বরগুনা সভায় জানান যে, স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধিদের জন্য আচরণ-বিধিমালা করা যায় কি না ? এ বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি ইউপি সচিবদের বেতন ইউএনও এর মাধ্যমে দেয়ার প্রস্তাব করেন।

উপপরিচালক, স্থানীয় সরকার, বাগেরহাট সভায় জানান যে, তাঁর ব্যবহৃত গাড়ীর জ্বালানীর বরাদ্দ নেই এবং ড্রাইভার বেতন পাচ্ছে না। ফলে পরিদর্শন কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

পরিচালক, স্থানীয় সরকার, খুলনা সভায় জানান যে, বিভাগীয় পর্যায়ে উপপরিচালক, স্থানীয় সরকারদের নিয়ে সভা করা যায় এবং এ জন্য প্রয়োজনীয় বরাদ্দ দেয়া প্রয়োজন। তিনি আরও জানান মহিলা সদস্যদের উন্নয়ন কাজে সঠিকভাবে সম্পৃক্ত করা হয় না। তিনি ইউপি চেয়ারম্যান ও সদস্যদের প্রশিক্ষণের ব্যবস্থা করার প্রস্তাব করেন। জেলা পর্যায়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে এবং উপপরিচালক, স্থানীয় সরকারগণ প্রশিক্ষণ প্রদান করতে পারেন।

উপপরিচালক, স্থানীয় সরকার, চুয়াডাঙ্গা সভায় জানান যে, উপপরিচালক, স্থানীয় সরকারগণ কী কী পরিদর্শন করবেন, কোন কোন অফিস পরিদর্শন করবেন মন্ত্রণালয় থেকে তার নির্দেশনা প্রদানের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

পরিচালক স্থানীয় সরকার, বরিশাল সভায় জানান যে, মাঠ পর্যায়ে লজিষ্টিক সাপোর্ট দেয়ার বিষয়ে গুরুত্ব দেয়া প্রয়োজন। বিভাগ পর্যায়ে ইউপি চেয়ারম্যান ও সদস্যদের প্রশিক্ষণের আয়োজন করা এবং উপপরিচালক, স্থানীয় সরকারদের নিয়ে সভা করার কথা উল্লেখ করেন। তিনি আরও বলেন যে, অতিরিক্ত দায়িত্বে থেকে যথাযথভাবে দায়িত্ব পালন করা সম্ভব হয় না। তাই পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারের শূন্য পদসমূহ পূরণ করা প্রয়োজন। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
১। মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত প্রমাপ অনুযায়ী পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকারগণকে স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও উন্নয়ন প্রকল্প পরিদর্শন করতে হবে। বৃহত্তর জেলাগুলোতে সম্ভব হলে আরো বেশী সংখ্যক দর্শন/পরিদর্শন করা যেতে পারে। ২। পরিদর্শনের সময় চলমান প্রকল্পের পাশাপাশি সমাপ্ত প্রকল্প পরিদর্শনের উপর জোর দিতে হবে এবং প্রকল্প এলাকায় বড় সাইনবোর্ডে প্রকল্প সংক্রান্ত তথ্যাদি প্রদর্শন করা হচ্ছে কিনা তা দেখতে হবে। ৩। পরিদর্শন প্রতিবেদনের শেষ অংশের মতামত/মন্তব্য ক্রমিক নম্বর দিয়ে সুপারিশ/পরামর্শ আকারে দিতে হবে। ৪। উন্নয়ন কার্যক্রমে ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ এবং পৌরসভার সদস্য/কাউন্সিলদের সম্পৃক্ত করতে হবে। বিশেষ করে মহিলা সদস্যদের যথাযথভাবে সম্পৃক্ত করার বিষয়টি পরিদর্শনকালে নিশ্চিত করতে হবে।	পরিচালক ও উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা/বরিশাল বিভাগ।
৫। ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও উপজেলা পরিষদ সম্পর্কে ২নং অনুচ্ছেদের আলোচনার বিষয়ে অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ ও অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ এর দৃষ্টি আকর্ষণ করা হলো।	অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ ও অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
৬। পরিচালক ও উপপরিচালক স্থানীয় সরকারগণকে পরিদর্শন প্রতিবেদনের সফট কপি এ বিভাগের মহাপরিচালক এঁর নিকট ই-মেইলে পাঠাতে হবে।	পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)।

৭। ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ ও পৌরসভার জনপ্রতিনিধিদের প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।	মহাপরিচালক, এনআইএলজি এবং পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)।
৮। পরিচালক ও উপপরিচালক, স্থানীয় সরকারদের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত পরিদর্শন প্রমাপ এবং এ সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগ হতে জারীকৃত ToR এর কপি জেলা ও উপজেলা পর্যায়ে অবস্থিত এলজিইডি ও ডিপিএইচই অফিসে প্রেরণের জন্য তা প্রধান প্রকৌশলী, এলজিইডি/ডিপিএইচই বরাবর প্রেরণ করতে হবে।	মহাপরিচালক (মইই উইং) এবং প্রধান প্রকৌশলী, এলজিইডি/ডিপিএইচই।

পরিশেষে আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৯/০৩/১৭
(এ এস এম মাহবুবুল আলম)
মহাপরিচালক
ও
সভাপতি

স্মারক নং-৪৬.০৯৯.০২৫.০১.০১.০০১.২০১১-৫৫ তারিখঃ ২০-০৩-২০১৭খ্রিঃ।

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ</u>

০১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
০৩। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
০৪। প্রধান প্রকৌশলী, ডিপিএইচই, কাকরাইল, ঢাকা।
০৫। মহাপরিচালক, এনআইএলজি, আগারগাঁও, ঢাকা
০৬। যুগ্মসচিব, মওমু/ইউপি/উপজেলা/নগর উন্নয়ন-১,২, স্থানীয় সরকার বিভাগ।
০৭। পরিচালক, স্থানীয় সরকার, সকল বিভাগ। (তাঁর বিভাগের সকল ডিডিএলজিকে প্রেরণের অনুরোধসহ)
০৮। উপসচিব, জেপ/সিটি কর্পোঃ-১,২/পৌর-১/ইপ-১,২, স্থানীয় সরকার বিভাগ।
০৯। উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা ও বরিশাল বিভাগের সকল জেলা।
১০। সিনিয়র সহকারী সচিব (উজে-২), স্থানীয় সরকার বিভাগ।
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১২। সহকারী সচিব, মনি-২,৩/মূল্যায়ন-১,২,৩/পৌর-২, স্থানীয় সরকার বিভাগ।
১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
১৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।

২১/০৩/২০১৭
(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫১৪৬১১